



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ

এন্টি টেররিজম ইউনিট

বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।

www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ৫৪/২১

তারিখঃ ০২ জানুয়ারি ২০২১ খ্রিঃ

প্রেস বিজ্ঞপ্তি

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) কর্তৃক জামায়াতুল মুজাহিদ্দীন বাংলাদেশ (জেএমবি) এর দিনাজপুর ও জয়পুরহাট জেলার দাওয়াহ শাখার অন্যতম সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি দল ০২/০১/২০২১ খ্রিঃ সকাল ০৫.১৫ ঘটিকায় জয়পুরহাট সদরের জামালপুর ইউনিয়নের দাদড়া গ্রামে অভিযান পরিচালনা করে নিষিদ্ধঘোষিত জঙ্গি সংগঠন জামায়াতুল মুজাহিদ্দীন বাংলাদেশ (জেএমবি) এর দিনাজপুর ও জয়পুরহাট জেলার দাওয়াহ শাখার অন্যতম সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত আসামী- মোঃ মজিবুর রহমান (৪৮), পিতা- মৃত গমির উদ্দিন, স্থায়ী ঠিকানা: সাং- বাঁশমুড়ি, থানা- ঘোড়াঘাট, জেলা- দিনাজপুর। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার কাছ থেকে একটি মোবাইল সেট, জঙ্গিবাদ বিষয়ক বিপুল পরিমাণ ডকুমেন্টস, বই ও পুস্তিকা উদ্ধার করেছে।

গ্রেফতারকৃত আসামী মোঃ মজিবুর রহমান দিনাজপুর এবং জয়পুরহাট জেলায় দাওয়াতি কার্যক্রমের মাধ্যমে সদস্য সংগ্রহ ও জামায়াতুল মুজাহিদ্দীন বাংলাদেশ (জেএমবি) কে সংগঠিত করার কাজে নিয়োজিত ছিল। ধৃত আসামী বাংলাদেশের অখন্ডতা, সংহতি, জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য এবং জনসাধারণের ভিতর আতংক সৃষ্টি, ধর্মীয় উগ্রবাদী মতাদর্শ প্রচারের মাধ্যমে দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মারাত্মক অবনতি ও নাশকতা ঘটানোর উদ্দেশ্যে বিভিন্ন পরিকল্পনা, প্রশিক্ষণ ও প্রস্তুতি গ্রহণ করে আসছিল। এছাড়াও সে রাষ্ট্রীয় ও ধর্মীয় গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গকে হত্যা এবং প্রজাতন্ত্রের ক্ষয়ক্ষতি সাধনের জন্য দীর্ঘদিন ধরে পরিকল্পনা করে আসছিল।

গ্রেফতারকৃত আসামী মোঃ মজিবুর রহমানের বিরুদ্ধে সন্ত্রাসী কার্যক্রম সংঘটনের ষড়যন্ত্র, অপরাধ সংঘটনের সহায়তা, সহযোগিতা এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করায় জয়পুরহাট সদর থানার মামলা নং-০৩, তারিখ- ০২/০১/২০২১ খ্রিঃ ২০০৯ এর সন্ত্রাসবিরোধী আইন (সংশোধনী-২০১৩) এর ৮/৯(৩)/১০/১২/১৩ ধারা রুজু করা হয়েছে।

০২/০১/২০২১

(মোহাম্মদ আসলাম খান)
পুলিশ সুপার
(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)
এন্টি টেররিজম ইউনিট
বাংলাদেশ পুলিশ, ঢাকা।